NYLPI
New York Lawyers For the Public Interest, Inc.
151 West 30th Street, 11th Floor
New York, NY 10001-4007
Tel 212-244-4664 Fax 212-244-4570
TDD 212-244-3692 Email info@nylpi.org
Website: www.nylpi.org

ADVOCATES FOR CHILDREN
151 West 30th Street, Fifth Floor
New York, New York 10001
Phone: (212) 947-9779
Fax (212) 947-9790
E-mail: info@advocatesforchildren.org
www.advocatesforchildren.org

ভাষা পরিষেবা ও বিশেষ শিক্ষা
নিউ ইয়র্ক সিটি

যদি আপনি এমন একটি শিশুর পিতামাতা বা অভিভাবক হন যে বিশেষ শিক্ষা পরিষেবা পাচ্ছে বা পাওয়ার প্রয়োজন হতে পারে, তাহলে আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি তৈরিতে সাহায্য করা ও তা বেছে নেয়ার অধিকার আপনার রয়েছে। যদি ইংরেজি আপনার প্রধান ভাষা না হয়, তাহলে অনুবাদ পরিষেবা (লিখিত কাগজপত্র থেকে আপনার ভাষায় রূপান্তর করা) ও দোভাষী পরিষেবা (মৌখিক কথাবার্তা আপনার ভাষায় রূপান্তর করা) পাওয়ার অধিকার আপনার রয়েছে যাতে আপনি আপনার সন্তানের শিক্ষা কর্মসূচি বুঝতে পারেন এবং তা তৈরিতে সাহায্য করতে পারেন।

স্কুলগুলো ও বিশেষ শিক্ষা কমিটির (কমিটি অন স্পেশাল এডুকেশন, CSE) দায়িত্ব হচ্ছে কাগজপত্র অনুবাদ করা এবং পিতামাতা ও নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)–এর কর্মীদের মধ্যকার সভায় দোভাষীরা উপস্থিত রয়েছেন তা নিশ্চিত করা। DOE আপনাদেরকে এই পরিষেবাগুলো প্রদানে বাধ্য এবং সভাগুলোতে আপনার দোভাষীর কাজ করার জন্য আপনি কাউকে নিয়ে আসার জন্য DOE বলতে পারবে না বা আপনাকে বাধ্য করতে পারবে না। তবে, আপনি চাইলে সভাগুলোতে আপনার দোভাষীর কাজ করার জন্য একজন প্রাপ্তবয়স্ক বন্ধু বা আত্মীয়কে নিয়ে আসতে পারেন। DOE কোনো অবস্থাতেই একটি শিশুকে দোভাষী হিসেবে ব্যবহার করতে পারবে না।

অনুবাদ

নিচে উল্লিখিত তথ্য আপনার প্রধান ভাষায় পাওয়ার অধিকার আপনার আছে:

- **মূল্যায়নের জন্য সম্মতির বিজ্ঞপ্তি:** এটি হচ্ছে একটি চিঠি যা আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন আছে কিনা তা নির্ধারণের জন্য স্কুল আপনার সন্তানের মূল্যায়ন করা বা পরীক্ষা নেয়ার অনুমতি চাওয়ার জন্য আপনাকে অবশ্যই পাঠাবে।
- **সভার বিজ্ঞপ্তি:** এই চিঠিটি আপনাকে জানায় যে একটি সভার সময়সূচি নির্ধারণ করা হয়েছে।
- **মূল্যায়নী প্রতিবেদনসমূহ:** আপনার সন্তানের শিক্ষা–সম্পর্কিত প্রতিবন্ধীত্ব আছে কিনা এবং তার কোন ধরনের পরিষেবার প্রয়োজন হতে পারে তা বলার জন্য DOE–এর নেয়া পরীক্ষার ফল থেকে এই প্রতিবেদনগুলো তৈরি করা হয়।
- **সুপারিশের চূড়ান্ত বিজ্ঞপ্তি:** এই চিঠিটি আপনাকে জানায় যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবায় DOE কোন ধরনের পরিবর্তনের পরিকল্পনা করছে।
- **ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম, IEP):** এই ডকুমেন্টটি বর্ণনা করে যে কোন ধরনের বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবা আপনার সন্তানের পাওয়া উচিত।
- **প্রতিবেদনপত্র/অগ্রগতির প্রতিবেদন:** এই ডকুমেন্টগুলো ব্যাখ্যা করে যে আপনার সন্তান স্কুলে কেমন ফল করছে।
- **কার্যপ্রণালীঘটিত সুরক্ষা বিজ্ঞপ্তি:** বিশেষ শিক্ষা পরিষেবা পাচ্ছে বা পাওয়ার প্রয়োজন হতে পারে এমন একটি শিশুর পিতামাতা হিসেবে আপনার অধিকারগুলো কী কী তা এই ডকুমেন্টটি ব্যাখ্যা করে।
- **মধ্যস্থতার চুক্তি:** এটি একটি আইনী চুক্তি যা আপনার ও DOE–এর মধ্যে একটি সভার (একটি "মধ্যস্থতা অধিবেশন") পর তৈরি করা হয়, যা বর্ণনা করে যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পর্কে কোনো মতবিরোধ আপনারা কীভাবে সমাধান করেছেন।

- **<u>সমাধানের চুক্তি:</u>** এটি একটি আইনী চুক্তি যা আপনার ও DOE-এর মধ্যে একটি সভার (একটি "সমাধান অধিবেশন") সময় তৈরি করা হয়, যা একটি নিরপেক্ষ শুনানির আগে ঘটতে পারে। এই চুক্তিটি ব্যাখ্যা করে যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পর্কে কোনো মতবিরোধ আপনারা কীভাবে সমাধান করেছেন।
- **<u>নিরপেক্ষ শুনানির সিদ্ধান্ত:</u>** যখন আপনি ও DOE আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পর্কে একমত হতে পারেন না (এবং কোনো মধ্যস্থতা বা সমাধান অধিবেশনে একমত হতে পারেন না), তখন আপনি একটি নিরপেক্ষ শুনানিতে একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার কাছে আপনার বিষয়টি পেশ করতে পারেন যিনি সিদ্ধান্ত নেন যে DOE-এর কাছ থেকে আপনার সন্তানের কোন কর্মসূচি ও পরিষেবা পাওয়ার অধিকার আছে। এটি নিরপেক্ষ শুনানির পর শুনানি কর্মকর্তার গৃহীত একটি লিখিত সিদ্ধান্ত।

<u>দোভাষী পরিষেবা</u>

নিচে উল্লিখিত পরিস্থিতিতে আপনার প্রধান ভাষায় সাবলীল একজন দোভাষী পাওয়ার অধিকার আপনার আছে:

- **<u>IEP সভা:</u>** আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি, যাকে বলা হয় ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম, IEP), তৈরি, বা এটি নিয়ে আলোচনা, বা পর্যালোচনা করার জন্য একটি সভা।
- **<u>CSE পর্যালোচনা:</u>** CSE-এর সাথে আপনার সন্তানের IEP পর্যালোচনার জন্য একটি বৈঠক। CSE হচ্ছেন DOE-এর অংশ এবং বিশেষ শিক্ষার দায়িত্বে নিয়োজিত।
- **<u>মধ্যস্থতা অধিবেশন:</u>** আপনি, CSE বা স্কুল, এবং অন্য আরেকজনের মধ্যে একটি বৈঠক যিনি আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পর্কে মতানৈক্য নিরসনে সাহায্য করেন এবং নিজে কোনো পক্ষ নেন না।
- **<u>সমাধান অধিবেশন:</u>** আপনি ও CSE-এর মধ্যে একটি বৈঠক যা নিরপেক্ষ শুনানির আগে ঘটে থাকে যেখানে আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পর্কে আপনারা একমত হওয়ার চেষ্টা করেন।
- **<u>নিরপেক্ষ শুনানি:</u>** একটি শুনানি যা অনুষ্ঠিত হয় যখন আপনি ও CSE আপনার সন্তানের বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পর্কে একমত হতে পারেন না এবং যেখানে আপনার বিষয়টি একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার কাছে পেশ করা হয়; নিরপেক্ষ শুনানি কর্মকর্তা হচ্ছেন একজন ব্যক্তি যিনি একজন বিচারকের মত কাজ করেন এবং আপনার সন্তানের কোন কর্মসূচি ও পরিষেবা পাওয়ার অধিকার আছে সেই সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

<u>বাড়তি অধিকারসমূহ</u>

শহরের সব পিতামাতার কাছে যে কাগজপত্রগুলো পাঠানো হয় সেগুলোর অনুবাদ পাওয়ার অধিকার আপনার আছে। এতে অন্তর্ভুক্ত থাকতে পারে আপনার সন্তানকে তালিকাভুক্ত করা, কোনো স্কুলের জন্য আবেদন করা বা স্কুল নির্বাচন করা, এবং কীভাবে স্কুলে একটি শিশুর সাফল্যকে মূল্যায়ন করা হয় সেই সম্পর্কিত তথ্য। সেইসাথে, আপনার সন্তানের আচরণ, নিরাপত্তা, ও শৃঙ্খলা সম্পর্কেও আপনার অনূদিত তথ্য পাওয়া উচিত। এছাড়াও সিটিভিত্তিক সভাগুলোতে আপনার একজন দোভাষী পাওয়ার অধিকার আছে, যেমন শিক্ষা-নীতি বিষয়ক প্যানেলের সভা; সিটিভিত্তিক ইংরেজি ভাষা শিক্ষার্থীদের পিতামাতাদের সভা; সিটিভিত্তিক/কম্যুনিটি শিক্ষা কাউন্সিলের সভা; এবং কেন্দ্রীয় অফিসগুলো কর্তৃক আয়োজিত অন্যান্য সিটিভিত্তিক পিতামাতা সভা। এছাড়াও আপনার সন্তানের স্কুলে অনুষ্ঠিত প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের (PTA) সভাগুলোতে আপনার দোভাষী পরিষেবা পাওয়া উচিত।

<u>ব্যবস্থা নিন!</u>

আপনার সন্তান যে স্কুলে পড়ে সেটি যদি আপনাকে ভাষা পরিষেবাগুলো না দিয়ে থাকে, তাহলে সেই পরিষেবাগুলো দেয়ার অনুরোধ জানিয়ে আপনি স্কুলে একটি চিঠি পাঠাতে পারেন। চিঠি বা এই তথ্যপত্র সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে New York Lawyers for the Public Interest -এর সাথে (212) 244-4664 নম্বরে যোগাযোগ করুন অথবা Advocates for Children of New York -এর সাথে (212) 822-9521 নম্বরে যোগাযোগ করুন।

যদি স্কুল বা DOE অফিস আপনার অনুরোধ জানানো কাগজপত্র অনুবাদ না করে, তাহলে আপনি পারিবারিক সংশ্লিষ্টতা ও ওকালতি অফিসে (অফিস অব ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি, OFEA) (212) 374-2323 নম্বরে ফোন করে অথবা আপনার চিঠির একটি কপি (212) 374-0138 নম্বরে অফিসে ফ্যাক্স করে অভিযোগ জানাতে পারেন।